জেলের জালে ১৪ কেজি ওজনের কাতল

রাজবাড়ীতে পদ্মানদীতে শামছু নামের এক জেলের জালে প্রায় ১৪ কেজি ওজনের একটি কাতল মাছ ধরা পড়েছে। শনিবার সকালে গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাট এলাকায় মাছটি ধরা পড়ে।

দৌলতদিয়া ফেরিঘাট এলাকার মাছ ব্যবসায়ী শাহজাহান মিয়া বলেন, শনিবার সকালে ৫ নম্বর ফেরিঘাট এলাকায় নদীতে জাল ফেলেন স্থানীয় জেলে শামছু হালদার। এ সময় তার জালে বিশাল আকৃতির একটি কাতল মাছ ধরা পড়ে। পরে মাছটি তিনি বিক্রির জন্য দৌলতদিয়া ঘাটে নিয়ে আসেন। আমি মাছটি ১ হাজার ৮০ টাকা দরে তার কাছ থেকে কিনে নিই।

তিনি আরো জানান, কাতল মাছটির ওজন ১৩ কেজি ৭০০ গ্রাম। বেশি দামে বিক্রির আশায় মাছটি ঢাকায় নিয়ে যাচ্ছি।